গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০২৯.২১-৪০

তারিখ : ১২ মাঘ ১৪২৮ / ২৬ জানুয়ারি ২০২২

**বিষয় : জানুয়ারি/২০২২ মাসের পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

জানুয়ারি/২০২২ মাসের পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা ২৭ জানুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপিতত্বে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র এতদ্সংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২। সভার কার্যপত্র অনুযায়ী তাঁর শাখা/বিভাগ/সংস্থার হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যপত্র (৩ পাতা)।

২৬/০১/২০২২
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোন: ৯১৮০৫৮৪
ই-মোইল: dsplandivco@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৮. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. ডিসি ট্রাফিক (তেজগাঁও), ঢাকা মেট্রপলিটন পুলিশ, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী, ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সহকারী সচিব (সকল)/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৬. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৭. সহকারী পরিচালক (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৯. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২০. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
২১. উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২২. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরী কালচার, গণপূর্ত, উপবিভাগ, আসাদগেইট, ঢাকা।

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং.................. তারিখঃ..................
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সদস্যের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০২৯.২১.৪০

তারিখ : ১২ মাঘ ১৪২৮ / ২৬ জানুয়ারি ২০২২

**বিষয় : পরিকল্পনা বিভাগের জানুয়ারি/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্র**

ডিসেম্বর/২০২১ মাসের সমন্বয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে জানুয়ারি/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্র উপস্থাপন করা হলো।

| | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২। | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:** ২৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন করা প্রয়োজন। | ডিসেম্বর/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ১২/০১/২০২২ তারিখে জারি করা হয়েছে। | যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ |
| ৩। | **প্রকল্প প্রক্রিয়াকরণ:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার সাথে সংগতি রেখে প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রমের গতিশীলতা বাড়াতে হবে; | এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রম বৃদ্ধি করা হচ্ছে। | প্রধান (সকল) সেক্টর/ডিভিশন, পরিকল্পনা কমিশন। |
| | প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরিসংখ্যান উপস্থাপনের জন্য একটি সংক্ষিপ্ত ছক তৈরি করে সকল সেক্টর থেকে তথ্য সংগ্রহ করতে হবে। | পরিকল্পনা কমিশনের কোন সেক্টর/ডিভিশন হতে সংক্ষিপ্ত ছকের নমুনা অনুযায়ী তথ্য পাওয়া যায়নি। তিনটি সেক্টর/ডিভিশন হতে পূর্বের ছকে তথ্য পাওয়া গিয়েছে।<br>ডিসেম্বর/২০২১ মাসে প্রাপ্ত প্রকল্পের সংখ্যা ৭১টি। তন্মধ্যে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ৩১টি। পিইসি/এসপিইসি'র সংখ্যা ৪৩টি এবং পিইসি/এসপিইসি হয়নি এমন প্রকল্পের সংখ্যা ৫৬টি। | |
| ৪। | **সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত পরিপত্র সংশোধন:** পরিপত্র চূড়ান্ত সংশোধনের পূর্বে খসড়ার ওপর পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দের চূড়ান্ত মতামত গ্রহণপূর্বক খসড়া চূড়ান্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত চূড়ান্ত খসড়াটি পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় উপস্থাপনের ব্যবস্থা নেয়া হচ্ছে। বর্ধিত সভার সুপারিশ/পরামর্শ অনুযায়ী খসড়াটি পরিমার্জন করে অনুমোদনের জন্য এনইসি সভায় উপস্থাপন করা হবে। | অতিরিক্ত সচিব (সকল) এবং যুগ্মপ্রধান (এনইসি-একনেক ও সমন্বয়) পরিকল্পনা বিভাগ |
| ৫। | **পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের শূন্যপদ পূরণ:** ডকুমেন্টেশন অফিসারের শূন্য পদে সুপারিশকৃত প্রার্থীর প্রতিবেদনের সুরক্ষা সেবা বিভাগে তাগিদপত্র প্রেরণ করতে হবে; | প্রতিবেদনের বিষয়ে প্রশাসন-২ শাখা হতে সুরক্ষা সেবা বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলীর শূন্য পদ পূরণের বিষয়ে পিএসসি'র সাথে যোগাযোগ করতে হবে। | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলীর শূন্য পদ পুরণের বিষয়ে প্রশাসন-২ শাখা হতে জানানো হয় যে, পিএসসি দ্রুততম সময়ের মধ্যে প্রার্থীর সুপারিশ প্রেরণ করবে। | |
| | ২য় শ্রেণির শূন্য পদে প্রার্থী সুপারিশের জন্য পিএসসি'র সাথে যোগাযোগ করে দ্রুত পদগুলো পূরণ করতে হবে। | ▪ প্রশাসনিক কর্মকর্তার ৩টি পদে প্রার্থী সুপারিশের বিষয়ে পিএসসি'র সাথে যোগাযোগ করা হয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে প্রার্থীর সুপারিশ করা হবে মর্মে জানিয়েছে।<br>▪ ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি কোটায় কোন পদ শূন্য নাই। পদোন্নতির কোটায় ৭টি পদ শূন্য রয়েছে। পদোন্নতির কোটায় ফিডার পদোধারীগণের কাঙ্ক্ষিত | |

| | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | যোগ্যতা না থাকায় পদোন্নতি প্রদান করা যায়নি।<br>▪ ডাটা এন্টি কন্ট্রোল সুপারভাইজার পদে পদোন্নতির যোগ্য প্রার্থী না থাকায় শূন্য পদটি পূরণ করা সম্ভব হচ্ছে না। | |
| | ৩৩টি শূন্য পদ পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি মোতাবেক অবিলম্বে সম্পন্ন করতে হবে। | ৩য় ও ৪র্থ শ্রেণির ৩৩টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে টেলিটকের মাধ্যমে ইতোমধ্যে আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণসাপেক্ষে যথাসময়ে নিয়োগ সম্পন্ন করা হবে। | |
| | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদসমূহ বিধি মোতাবেক সত্বর পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ▪ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদসমূহ বিধি মোতাবেক পূরণের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করা হবে।<br>▪ ট্রেজার ১টি ও ড্রাফটসম্যান ১টি পদ শূন্য রয়েছে। পদোন্নতির যোগ্য প্রার্থী না থাকায় শূন্য পদ ২টি পূরণ করা সম্ভব হচ্ছে না।<br>▪ ফটোকপি অপারেটর ২টি পদ শূন্য রয়েছে। পদোন্নতির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | |
| | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের রিসার্চ এসোসিয়েটের শূন্য পদ পরবর্তী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে নিয়োগ সম্পন্ন করতে হবে। | ১৯ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় বিআইডিএস'র রিসার্চ এসোসিয়েট পদে নিয়োগ অনুমোদনের জন্য একটি প্রস্তাব রাখা হয়েছে। বোর্ড কর্তৃক অনুমোদিত হলে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। | মহাপরিচালক, বিআইডিএস |
| ৬। | **<u>পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের নতুন পদ সৃজন:</u>**<br>বর্তমান বাস্তব অবস্থার নিরিখে পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সচিব মহোদয়ের সাথে পরামর্শ করে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ICT সেলকে বড় ক্যাটগরি হতে বিশেষ ক্যাটাগরিতে অন্তর্ভুক্তির বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চূড়ান্ত করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ▪ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>▪ জিইডি'র ডেল্টা উইং সৃজন এবং ICT সেলকে বড় ক্যাটগরি হতে বিশেষ ক্যাটাগরিতে অন্তর্ভুক্তির বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রস্তুতের কাজ চলমান রয়েছে। ৩১/০১/২০২২ তারিখের মধ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ ও প্রধান, জিইডি পরিকল্পনা কমিশন |
| ৭। | **<u>অডিট আপত্তি নিষ্পত্তিকরণ:</u>**<br>২৭টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত ব্রডসিট জবাব দাখিল করতে হবে।<br>ব্রডসিট জবাব দাখিলকৃত ৩৫টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করতে হবে। | ▪ পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের ৫টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক জবাব পাওয়া গিয়েছে।<br>▪ ২০১৮-১৯ অর্থবছরের এসডিজি এর সেমিনার ও কনফারেন্সের উপর ২টি অডিট আপত্তির যথাযথ প্রমানকসহ নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য সাধারণ অর্থনীতি বিভাগে পত্র দেওয়া হয়েছে। জবাব পাওয়া গেলে ২টি আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জন সেবা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে।<br>▪ পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে ৬৯টি অডিট আপত্তি উত্থাপিত হয়। উক্ত আপত্তির মধ্যে এ পর্যন্ত ৪২টি অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়েছে।<br>▪ কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের ৭টিসহ ১৪টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অনিষ্পন্ন রয়েছে ৫৫টি। বর্তমানে ২৪টি আপত্তির ব্রডসিট জবাব পেন্ডিং আছে। | অতিরিক্ত সচিব (বাজেট) ও যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ |
| | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের প্রকল্পের ১৪টি অডিট আপত্তির দ্রুত ব্রডসিট জবাব দাখিল করে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | ১৪টি আপত্তির মধ্যে ৭টি আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৭টি আপত্তির ব্রডসিট জবাব এ মাসের মধ্যেই প্রেরণ করা হবে মর্মে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | |

| | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে বিআইডিএস এর ২৭টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। অতিরিক্ত সচিব (বাজেট) প্রতিমাসে সংশ্লিষ্টদের নিয়ে অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে পর্যালোচনা সভা করবেন। | বিআইডিএসের রাজস্ব হিসাব খাতের ২টি অডিট আপত্তি (জড়িত টাকা ২৫২,৬২৯.৭৪) নিষ্পত্তির জন্য পরিকল্পনা বিভাগের মাধ্যমে ২৩/০৯/২০২১ তারিখে জবাব প্রেরণ করা হয়েছে। ০১/১১/২০২১ তারিখে বিআইডিএস এর প্রতিনিধি কর্তৃক অডিট অধিদপ্তরে সাথে সরাসরি যোগাযোগ করা হলে ২টি অডিট আপত্তির মধ্যে ০১টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অডিট অধিদপ্তর হতে কিছু তথ্য চেয়ে ২০/১২/২০২১ তারিখে বিআইডিএসকে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের আলোকে বিআইডিএস হতে প্রয়োজনীয় তথ্য/প্রমাণকসহ প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে। আশা করা যায় ২টি অডিট আপত্তি নিষ্পত্তি হবে মর্মে বিআইডিএস কর্তৃপক্ষ জানিয়েছে। | অতিরিক্ত সচিব (বাজেট)<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>মহাপরিচালক, বিআইডিএস |
| ০৮। | **শাখা পরিদর্শন:**<br>সচিবালয় নির্দেশমালা মোতাবেক শাখা পরিদর্শন করতে হবে এবং সচিব বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।<br>শাখা পরিদর্শন সংক্রান্ত বিষয়াবলি সমন্বয় শাখা ফলোআপ করবে। | ▪ নভেম্বর/২০২১ মাসে জিইডি'র ৯টি শাখা এবং ডিসেম্বর/২০২১ মাসে পরিকল্পনা বিভাগের প্রশাসন-৪ শাখা পরিদর্শন প্রতিবেদন সচিব, পরিকল্পনা বিভাগে প্রেরণ করেছে।<br>▪ পরিকল্পনা বিভাগের ২৯.১২.২০২১ তারিখের মাসিক সমন্বয় সভার ৮নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন/অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে পত্র প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা বিভাগ ও কমিশনের সকল শাখা/অধিশাখা/ সেক্টর/ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br>ও<br>যুগ্মসচিব (পিটিসি) |
| ০৯। | **ই-নথির ব্যবহার:**<br>এটুআই এর সাথে নিয়মিতভাবে যোগাযোগ করে ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং ই-নথি ব্যবহারে সমস্যা চিহ্নিত করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ টু আই এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে ১৯/০১/২০২২ তারিখ আলোচনা হয়েছে। "বর্তমানে ই-নথি সার্ভার স্বাভাবিকভাবে কাজ করছে। এছাড়া, পূর্বে যে সমস্যাগুলো ছিল, তা অনেকাংশে সমাধান করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২২ মাসে বর্তমান সার্ভার ক্লাউড বেজ সার্ভারে যাবে, তখন গতি আরো বৃদ্ধি পাবে। ডি-নথি সিস্টেমে যেতে আরো কয়েক মাস সময় লাগবে। ডি-নথিতে সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করা হবে এবং ড্যাশবোর্ড ও রিপোর্ট সংক্রান্ত সমস্যার সমাধান হবে" মর্মে এ টু আই হতে জানা যায়।<br><br>ডিসেম্বর/২০২১ মাসে পরিকল্পনা বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা/ অনুবিভাগ হতে ই-নথির মাধ্যমে ১৪৮টি নথি নোটে নিষ্পত্তি করা হয়েছে এবং ৭১টি পত্র জারি করা হয়েছে। এছাড়া, পরিকল্পনা কমিশনের ৬টি সেক্টর/ডিভিশন হতে ই-নথির মাধ্যমে বিবেচ্য মাসে ১৮৯টি নথি নোটে নিষ্পত্তি করা হয়েছে এবং ৫০টি পত্র জারি করা হয়েছে। গত মাসের তুলনায় বিবেচ্য মাসে পরিকল্পনা বিভাগ/কমিশনে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে।<br>**বিআইডিএস:** ই-নথির মাধ্যমে বিবেচ্য মাসে ৫০টি নথি নোটে নিষ্পত্তি করা হয়েছে এবং ১৪টি পত্র জারি করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন), সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>মহাপরিচালক, বিআইডিএস |
| ১০। | **মামলা মোকাদ্দমার ফলোআপ:**<br>বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ আদালত ও আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগের বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ আদালত ও আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ এবং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। | অতিরিক্ত সচিব (বাজেট)<br>ও<br>যুগ্মসচিব (পিটিসি) |

| | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | নির্দেশনা মোতাবেক মামলা নিষ্পত্তির বিষয়ে গৃহিত কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে নির্ধারিত সময়ে নির্ধারিত ফরমে অবহিত করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে সমন্বয় শাখা হতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। | পরিকল্পনা বিভাগ |
| ১১। | **<u>অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস):</u>**<br>জিআরএস বিষয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত ফরমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতি মাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | প্রতিমাসে নির্ধারিত ফরমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। | অতিরিক্ত সচিব (বাজেট), জিআরএস ফোকাল পয়েন্ট পরিকল্পনা বিভাগ ও মহাপরিচালক, বিআইডিএস |
| | কোন অভিযোগ পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | অভিযোগ নির্ধারিত সময়ে নিষ্পত্তি করা হচ্ছে।<br>**বিআইডিএসঃ** বিআইডিএস-এ কোন অভিযোগ নেই। অভিযোগ পাওয়া গেলে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| | জিআরএস বিষয়ক তথ্য ওয়েবসাইটেও আপডেট করতে হবে। | জিআরএস বিষয়ক তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপডেট হচ্ছে। | |
| | জিআরএস বিষয়ে ০২টি কর্মশালা আয়োজনের বিষয়ে দ্রুত পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করতে হবে। | জিআরএস বিষয়ে কর্মশালা আয়োজনের কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | |
| ১২। | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন:</u>**<br>এপিএ টিমের মাসিক সভা নিয়মিত আহবান করে চুক্তির লক্ষ্যমাত্রার অগ্রগতি মূল্যায়ন করতে হবে এবং কোন সূচকে লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে পড়লে তাৎক্ষণিক বিষয়টি সচিব মহোদয়ের নজরে আনতে হবে। | এপিএ টিমের দ্বি-মাসিক সভা নিয়মিত হচ্ছে। সচিব মহোদয় নিবিড় তদারকি করছেন। | অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| | এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা থাকলে সচিব মহোদয়কে তা জানাতে হবে। এপিএ সূচকের অর্জন সংক্রান্ত প্রমাণক গুছিয়ে রাখতে হবে। | এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে সচিব মহোদয়কে অবহিত করা হবে। বাস্তবায়িত কর্মসম্পাদনের সূচকের প্রমাণক সংরক্ষণ করা হচ্ছে। | |
| | ১৫/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তার সমন্বয়ে পর্যালোচনামূলক সভা আয়োজন করতে হবে। | ১১ জানুয়ারি ২০২২ তারিখে পর্যালোচনা সভাটি অনুষ্ঠিত হয়েছে। | |
| | এপিএ ফোকাল পয়েন্ট প্রতি সপ্তাহে এপিএ পর্যালোচনা সভা করবেন এবং শতভাগ এপিএ লক্ষ্যমাত্রা বাস্তাবয়নে সচেষ্ট হবেন। প্রয়োজনে সচিব মহোদয়ের সাথে পরামর্শ করবেন। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সচিব মহোদয়ের নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে এবং এপিএ লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত আছে। | |
| | **<u>তথ্য অধিকার (RTI):</u>**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কর্মসম্পাদন সূচক ১.৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেনতনা বৃদ্ধিকরণের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে ৩টি সভা আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে; | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে ২০২১-২০২২ অর্থবছরে কর্মসম্পাদন চুক্তির আওতায় পরিকল্পনা বিভাগের কর্মসম্পাদন সূচকে ১.১, ১.২ ও ১.৩ এর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ বাস্তবায়ন করা হয়েছে।<br>কর্মসম্পাদন চুক্তির আওতায় ১.৪ সূচকে বর্ণিত যাবতীয় তথ্যের কাটাগরি ও ক্যাটালগ তৈরির কার্যক্রম ৩১.১২.২০২১ তারিখে সমাপ্ত করা হয়েছে।<br>সূচক ১.৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেনতনা বৃদ্ধিকরণের লক্ষ্যে তিনটি সভা করা হবে। ২৭ জানুয়ারি ২০২২ একটি সভার আয়োজন করা হয়েছে।<br>**বিআইডিএসঃ** ২০২১-২২ অর্থবছরের ১টি গবেষণা সমীক্ষা সম্পাদন করেছে, ১৪টি জাতীয়/আন্তর্জাতিক জার্নাল/ পত্রিকা/বইয়ে গবেষকদের প্রবন্ধ প্রকাশিত হয়েছে এবং ১০টি সেমিনার/ সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন করা হয়েছে। | যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ ও মহাপরিচালক, বিআইডিএস |

| বিগত সভার সিদ্ধান্ত | | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জানুয়ারি ২০২২ মাসে অন্ততঃ ০১টি সভা আয়োজন করতে হবে। | | |
| ১৩। | **সিটিজেন চার্টার:** পরিকল্পনা বিভাগ/কমিশনের প্রতিটি শাখা/অধিশাখা/ অনুবিভাগ/বিভাগের সিটিজেন চার্টার নির্ধারিত সময় অন্তর হালনাগাদপূর্বক প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের প্রতিটি শাখা/অধিশাখা/ অনুবিভাগ/বিভাগের সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে ০২(দুই) বার হালনাগাদ করা হয়েছে। নির্ধারিত সময় অন্তর হালনাগাদ করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | সিটিজেন চার্টার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ |
| | পরিকল্পনা বিভাগের প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ জসীম উদ্দিন কে সিটিজেন চার্টার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে হবে। | ইতোপূর্বে উপসচিব এসএসআরসি-কে আহবায়ক করে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। | |
| ১৪। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন:** নির্ধারিত কোয়ার্টারের এনআইএস লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন করতে হবে। | এনআইএস এর কোয়ার্টার ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। সচিব মহোদয় নিয়মিত তদারকি করছেন। | অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ ও এনআইএস ফোকাল পয়েন্ট |
| | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে এনআইএস ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | | |
| | নির্ধারিত কোয়ার্টারের এনআইএস লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন করতে হবে। | **বিআইডিএসঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে। সমীক্ষার মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং অংশীজনদের সাথে ০১টি শুদ্ধাচার সভার আয়োজন করা হয়েছে। | মহাপরিচালক, বিআইডিএস |
| | ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ে আরো ০২ গ্রুপে অবিলম্বে ০২টি কর্মশালা আয়োজন করতে হবে। | **চতুর্থ শিল্প বিপ্লব** বিষয়ে ০২টি কর্মশালা যথাক্রমে জানুয়ারি/২০২২ ও মার্চ/২০২২ মাসে আয়োজন করা হবে মর্মে প্রশিক্ষণ শাখা থেকে জানিয়েছে। | যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ ও মহাপরিচালক, বিআইডিএস |
| | | **বিআইডিএসঃ** ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় করণীয় সম্পর্কে ১টি কর্মশালা আয়োজন করা হয়েছে। | |
| ১৫। | **উদ্ভাবন কর্মপরিকল্পনা:** চলতি ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত ইনোভেশন প্রস্তাবগুলোর শো-কেসিং করতে হবে। | উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের জন্য সেমিনার/কর্মশালা আয়োজন করা হবে এবং শো-কেসিং করা হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ ও মহাপরিচালক, বিআইডিএস |
| | | **বিআইডিএসঃ** ২০২১-২২ অর্থবছরের (ইনোভেশন) ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১টি সভা আয়োজন করা হয়েছে। | |
| | উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনে সচিব এঁর সভাপতিত্বে সভা আয়োজন করতে হবে। | সচিব মহোদয় নিয়মিত তদারকি করছেন। | |
| ১৬। | **বিবিধ আলোচনা:** জরুরিভিত্তিতে বিধি মোতাবেক ইমাম নিয়োগের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জরুরিভিত্তিতে মসজিদের ইমাম নিয়োগের জন্য প্রটোকল অধিশাখা হতে গণপূর্ত বিভাগ-২ কে পত্র প্রেরণ করা হয়েছে। | নির্বাহী প্রকৌশলী/ উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপবিভাগ (সিভিল), শেরেবাংলা নগর। |
| | নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত আউটসোর্সিং পদ্ধতিতে ইমাম নিয়োগ করে বেতন ও মসজিদ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে। | ইমাম নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত আউটসোর্সিং পদ্ধতিতে ইমাম নিয়োগ করে ইমামের বেতন ও মসজিদ রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রটোকল অধিশাখা হতে গণপূর্ত বিভাগ-২ কে পত্র প্রেরণ করা হয়েছে। | |

| বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|
| অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট বিনষ্ট মালামাল দ্রুত অপসারণ করতে হবে। নিলাম কার্যক্রম বাস্তবায়নপূর্বক পরিত্যক্ত অবকাঠামো অপসারণ করতে হবে। | পরিত্যক্ত অবকাঠামো/মালামাল অপসারণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সাবেক একান্ত সচিব বর্তমানে অতিরিক্ত সচিব, ডেভেলপমেন্ট ইফেক্টিভনেস (ডিই), অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনার অনুবৃত্তিক্রমে জরাজীর্ণ ফরাস কোর্য়াটার, মিডিয়া সেন্টার ও গ্যারেজে রক্ষিত সরঞ্জামাদি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রটোকল অধিশাখা হতে গণপূর্ত বিভাগ-২ কে পত্র প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (সাধারণ-২), পরিকল্পনা বিভাগ এবং নির্বাহী প্রকৌশলী/ উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সিভিল) শেরেবাংলা নগর, নির্বাহী প্রকৌশলী ই/এম বিভাগ-৭, সংসদ ভবন, ডিসি ট্রাফিক (পশ্চিম) ও উপবিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, আসাদগেইট, ঢাকা। |
| নিয়মিতভাবে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ভবনের ছাদে জমে থাকা পানি ও ছাদ পরিষ্কার করতে হবে। | নিয়মিতভাবে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং ভবনের ছাদে জমে থাকা পানি ও ছাদ পরিষ্কার করার কার্যক্রম অব্যহত আছে। | |
| ২০টি ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী ই/এম বিভাগ-৭ জানিয়েছেন যে, ২০টি ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল সচল রয়েছে। | |
| প্রতিটি গাছের গায়ে স্থানীয় নাম এবং বৈজ্ঞানিক নামফলক লাগাতে হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত। আগামী সমন্বয় সভার কার্যবিবরণী থেকে বাদ দেয়া যেতে পারে। | |
| যেসব ভবনের নীচ তলা থেকে উপরে ওঠার সিঁড়ি নেই সেসব ভবনের ২য় তলায় রেইন শেড নির্মাণ করতে হবে। | উপ বিভাগীয় প্রকৌশলী গণপূর্ত উপ বিভাগ-৩ জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে ২য় তলায় রেইন শেড নির্মাণের কার্যক্রম শুরু করা হবে। | |
| পরিকল্পনা মন্ত্রণালয়ের সামনের রাস্তায় সার্বক্ষণিকভাবে একজন ট্রাফিক পুলিশ নিয়োগের জন্য ডিসি ট্রাফিক (পশ্চিম) বরাবর পত্র প্রেরণ করতে হবে। | পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রবেশ পথে সার্বক্ষণিকভাবে একজন ট্রাফিক পুলিশ মোতায়েনের জন্য উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) তেজগাঁও-কে প্রটোকল অধিশাখা হতে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসের ভবনসমূহে রক্ষিত মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ পরিবর্তন এবং অগ্নিনির্বাপণ মহড়ার আয়োজন করতে হবে। এ বিষয়ে ফায়ার সার্ভিস সিভিল অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত। আগামী সমন্বয় সভার কার্যবিবরণী থেকে বাদ দেয়া যেতে পারে। | মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ নির্বাহী প্রকৌশলী/ উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (বিদ্যুৎ), শেরেবাংলা নগর, ঢাকা। |
| **<u>স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করা:</u>** কোভিড সংক্রমণ পরিস্থিতির দিকে সতর্ক দৃষ্টি রেখে সরকারের স্বাস্থ্য বিধি যথাযথভাবে মেনে চলার জন্য সকল কর্মকর্তার বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়। | পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন এবং বিআইডিএস'র সকল কর্মকর্তা/কর্মচারী স্বাস্থ্য বিধি যথাযথভাবে মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করছে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী |

১৭। গুরুত্বপূর্ণ বিষয় সভায় অবহিতকরণ।

২৬/০১/২০২২
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব